# আইডিএফ স্বাস্থ্য বুলেটিন

জুলাই-অক্টোবর ২০২২

বর্ষ-০১, সংখ্যা-০১, ইস্যু-০১, জুলাই-অক্টোবর, ২০২২

## সূচিপত্র

১. আইডিএফ স্বাস্থ্য বুলেটিন এর যাত্রা ২
২. আইডিএফ স্বাস্থ্যসেবার ইতিকথা ২
৩. আইডিএফ স্বাস্থ্যসেবার পদ্ধতি ২
৪. আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির অর্গানোগ্রাম ৩
৫. আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির বর্তমান স্ট্যাটাস ৩
৬. হেলথ সেন্টারের মাধ্যমে স্বাস্থ্যসেবা ৩-৪
৭. চক্ষুসেবা ৪
৮. ডিজিটাল হেলথ সফটওয়্যার ৪
৯. জুলাই-অক্টোবর ২০২২ এ স্বাস্থ্য কার্যক্রম ৫
৯.১ ব্লাড গ্রুপিং এবং স্বাস্থ্য ক্যাম্প ৫-৮
৯.২ মিনি হেলথ ক্যাম্প ৮-৯
৯.৩ টেলিহেলথ ক্যাম্প ৯
৯.৪ জাতীয় শোক দিবসে স্বাস্থ্য কার্যক্রম ৯-১১
৯.৫ আইডিএফ কাজী হালিমা সাত্তার স্বাস্থ্য কমপ্লেক্স এর কার্যক্রম ১১-১২
৯.৬ রোহিঙ্গা শরণার্থী ক্যাম্প বালুখালী-১১ ১২
৯.৭ কোভিড ১৯ এর ভ্যাক্সিন গ্রহণে কাউন্সেলিং ১২
৯.৮ কোভিড-১৯ ভ্যাক্সিনেশন কর্মসূচিতে আইডিএফ এর অংশগ্রহণ ১২-১৩
৯.৯ নবনিযুক্ত প্যারামেডিকদের প্রশিক্ষণ ১৩
৯.১০ হিমোফিলিয়া রোগীদের ফিজিওথেরাপী সেবা ১৩
৯.১১ স্তন ক্যান্সার সচেতনতা বিষয়ক সেমিনার ১৩
**১০. কেস স্টাডি ১৪-১৫**
১০.১ ফিজিওথেরাপী ১৪
১০.২ হৃদরোগ ১৪
১০.৩ টেলিমেডিসিন ১৫
**১১. এক নজরে স্বাস্থ্য কর্মসূচির কিছু কার্যক্রম ১৬**



## সম্পাদনা পরিষদ

**উপদেষ্টা** : এ. কে. ফজলুল বারি
**সম্পাদক** : জহিরুল আলম
**সদস্য** : ডা. মুক্তা খানম || ডা. মোঃ আশরাফ আলী || মৌসুমী চাকমা

## ১. আইডিএফ স্বাস্থ্য বুলেটিন এর যাত্রা

এই সংখ্যার মাধ্যমেই আইডিএফ স্বাস্থ্য বুলেটিন এর যাত্রা শুরু হল। আইডিএফ এর স্বাস্থ্য কর্মসূচির কলেবর ও কার্যক্রমের পরিধির ব্যাপ্তি ঘটায় অল্প সময়ে অনেক সংবাদ জমা হয়, যা সঠিক সময়ে সবার নিকট পৌঁছানো মুশকিল হয়ে পড়ে। প্রায় সময় স্বাস্থ্য কার্যক্রমের অনেক তথ্য ফাইলবন্দী হয়ে থাকে। তাই আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির কর্মকান্ডের খবর যথাসময়ে সংশ্লিষ্ট সবার কাছে পৌঁছে দেয়ার উদ্দেশ্যে এই কোয়ার্টারলি বুলেটিন প্রকাশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আশাকরি এই স্বাস্থ্য বুলেটিন থেকে আইডিএফ এর স্বাস্থ্যসেবার ধরণ ও মান সম্পর্কে সবাই শুধু জানতে পারবেন না, বরং বিভিন্ন রোগের প্রতিকারের জন্য সেবাও গ্রহণ করতে পারবেন।

## ২. আইডিএফ স্বাস্থ্যসেবার ইতিকথা

পার্বত্য চট্টগ্রাম এর দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যেই আইডিএফ ১৯৯৩ সালে বান্দরবান পার্বত্য জেলার সুয়ালক মৌজা থেকেই ক্ষুদ্র পুঁজি সরবরাহের মাধ্যমে যাত্রা শুরু করে। যাত্রা শুরুর এক বছরের মধ্যেই দেখা গেল, স্বাস্থ্যজনিত সমস্যাই হলো দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নের পথে প্রধান বাধা। পানি ও মশাবাহিত রোগে এলাকার লোকজন প্রায় সারা বছরই আক্রান্ত থাকতো। তখন বান্দরবান এলাকার মাত্র ৪% অধিবাসী নিরাপদ পানির সুবিধা ভোগ করত। আর প্রায় সবাই খোলা পায়খানা ব্যবহার করতো। পরিষ্কার পরিচ্ছন্নতার কোন বালাই ছিলো না। পুষ্টিহীনতায় ভুগতো বেশীর ভাগ মানুষ। পুষ্টিহীনতার কারণে মেয়েদের গর্ভধারণে বাধাগ্রস্থ হবার উদাহরণও আছে বান্দরবান এলাকায়।

১৯৯৪-৯৫ সালে স্বাস্থ্যবিষয়ক সমস্যা নিয়ে প্রশিক্ষণ ও কর্মশালার মাধ্যমেই বান্দরবান পার্বত্য জেলায় আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির যাত্রা শুরু। সহযোগিতার হাত বাড়িয়ে দেয় Sida। পরে AUSAIDও এ উদ্যোগের সাথে যুক্ত হয়। এই সময়ে বান্দরবান সদর উপজেলার অধিবাসীদের নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারের উপর একটি জরিপ করার জন্য UNICEF সহযোগিতা করে। এই জরিপে দেখা যায় মাত্র ৪% পরিবার পাবলিক হেলথ এর পানি সরবরাহ ব্যবস্থার আওতায় ছিলো। ৯৫% এর বেশির ভাগ মানুষ স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহার করত না।




স্বাস্থ্য সমস্যা নিয়ে সদস্য ও তাদের স্বামী/স্ত্রীদের প্রশিক্ষণ ও সচেতনতা সৃষ্টির কাজ শুরু করে দিল আইডিএফ। এই বিষয়ের উপর প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের পর থেকে সদস্যগণ স্বাস্থ্যসম্মত পায়খানা, নিরাপদ পানি ও মশারী চাইতে লাগলো আমাদের কাছে। আইডিএফ তখন যাত্রা শুরু করেছে মাত্র। হাতে তেমন কোন সম্পদ বা টাকা পয়সা নেই। সিডার (Sida) তখনকার প্রোগ্রাম অফিসার ম্যাট্স এর সাথে আলাপ হলো। Sida সাদরে আমাদের প্রস্তাব গ্রহণ করলো। শুরু হল স্বাস্থ্য বিষয়ের উপর সচেতনতা সৃষ্টির কাজ ও স্বাস্থ্যসেবা এবং বোনা হয়ে গেল আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির বীজ।

ক্রমেই সচেতনতা সৃষ্টি ও প্রশিক্ষণ কর্মকান্ডের সাথে সাথে একটার পর একটা উপাদান যুক্ত হতে লাগলো আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির সাথে। যুক্ত হল স্বাস্থ্য ও মৃত্যু ঝুঁকি মোকাবেলার কৌশল ও টুলস। কোভিড-১৯ এর সময় আরোও যুক্ত হল দূর দূরান্ত ও প্রত্যন্ত এলাকায় গরীব রোগীদের জন্য টেলিহেলথ সেবা। এবং ক্রমেই স্বাস্থ্যসেবা একটি টেকসই কর্মসূচিতে রূপ নিল, যা পরের পৃষ্ঠার স্বাস্থ্য কর্মসূচির অর্গানোগ্রাম দেখলে সহজে বুঝা যাবে।

## ৩. আইডিএফ স্বাস্থ্যসেবার পদ্ধতি

নির্বাহী পরিচালকের তত্ত্বাবধানে এম.বি.বি.এস. ডাক্তারদের সমন্বয়ে একজন কো-অর্ডিনেটর এর নেতৃত্বে স্বাস্থ্য কর্মসূচির একটি দক্ষ টীম কাজ করে। এই টীম সংস্থার নির্বাহী পরিচালকের নির্দেশনা ও পরামর্শক্রমে কাজ করে। সংস্থার প্রতি দুই শাখার জন্য একজন প্যারামেডিক আছেন যারা এক একজন এমবিবিএস ডাক্তারের তত্ত্বাবধানে কমিউনিটি পর্যায়ে স্বাস্থ্যসেবা প্রদান করেন। এক এক কমিউনিটিতে ২-৩ টি করে কেন্দ্র আছে। প্রত্যেক কেন্দ্রে একজন করে হেলথ এজেন্ট আছেন। ২-৩ টি কেন্দ্রের জন্য একটি হেলথ স্পট নির্ধারণ করা হয়েছে। মাসের একটি নির্দিষ্ট তারিখ ও সময়ে দায়িত্বপ্রাপ্ত প্যারামেডিক এই স্পটে হেলথ ক্যাম্পের আয়োজন করেন। যেখানে কমিউনিটির সবাই (সদস্য-অসদস্য) স্বাস্থ্যসেবা পেয়ে থাকেন। জটিল রোগীর ক্ষেত্রে প্যারামেডিকগণ টেলিহেলথ এর মাধ্যমে এম.বি.বি.এস. ডাক্তারের চিকিৎসা প্রদান করে থাকেন। অন্যান্য সময় প্রত্যেক হেলথ এজেন্ট তাদের নিজ নিজ এলাকায় হেলথ চেক ও প্রয়োজনানুসারে টেলিহেলথ সেবার মাধ্যমে প্যারামেডিক বা এমবিবিএস ডাক্তারের চিকিৎসা সেবা দিয়ে থাকেন। টেলিহেলথ সেবা ও রোগীর প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ ও অনলাইন প্রেসক্রিপশন সেবা প্রদানের জন্য DOTPLUS Software ব্যবহার করা হয় যা “Outreach for all” USA কর্তৃক তৈরী করা হয়েছে।

## ৪. আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির অর্গানোগ্রাম




## ৫. আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির বর্তমান স্ট্যাটাস

| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | জেলা | ১৮ টি |
| ২ | উপজেলা | ১১৭ টি |
| ৩ | শাখা | ১১৪ টি |
| ৪ | MBBS ডাক্তার | ৫ জন |
| ৫ | প্যারামেডিক | ৫৯ জন |
| ৬ | কমিউনিটি হেলথ এজেন্ট | ৫১৩০ জন |

| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | হেলথ সেন্টার | ৫ টি |
| ২ | স্ট্যাটিক ক্লিনিক | ১১৬ টি |
| ৩ | ফিজিওথেরাপি সেন্টার | ১ টি |
| ৪ | স্যাটেলাইট ক্লিনিক | ১৫৯৬ টি |
| ৫ | DigitalHealth Software | Dotplus (Data On Time) |
| ৬ | Telehealthspot | ২,০৫২ টি |

## ৬. হেলথ সেন্টারের মাধ্যমে স্বাস্থ্যসেবা



শাখা পর্যায়ে এবং স্বাস্থ্যক্যাম্পের মাধ্যমে সেবা প্রদানের পাশাপাশি আইডিএফ বর্তমানে ৫ টি (চট্টগ্রাম এ ৩টি, ঢাকায় ১টি ও সাতকানিয়ায় ১টি) হেলথ সেন্টারে দক্ষ এমবিবিএস ডাক্তারের মাধ্যমে সদস্য ও জনসাধারণকে স্বাস্থ্য সেবা প্রদান করে আসছে। পাশাপাশি টেলিমেডিসিন সেবা কার্যক্রম এর মাধ্যমে গ্রামীণ প্রত্যন্ত এলাকার রোগীরা বাড়ির কাছাকাছি আইডিএফ স্বাস্থ্য সেবা স্পট ও শাখা হতে প্যারামেডিক এর সহায়তায় শহরে বিশেষজ্ঞ ডাক্তারের চিকিৎসা সেবা নিতে পারছে। স্বাস্থ্যসেবা প্রদানের পাশাপাশি হেলথ সেন্টার থেকে সদস্য রোগীদের ঔষধও প্রদান করা হয়ে থাকে। তবে সদস্য নয় এমন রোগীদেরও হেলথ সেন্টারের ফার্মেসী থেকে বিশেষ ছাড়ে ঔষধ ক্রয় করার সুযোগ রয়েছে। এছাড়াও হেলথ সেন্টারে রোগীদের ইসিজি, নেবুলাইজেশন, সিবিজি, ড্রেসিং, কাউন্সিলিং ছাড়াও অন্যান্য সেবা প্রদান করা হয়। এমবিবিএস ডাক্তারের পাশাপাশি হেলথ সেন্টার-১ এ একজন প্যারামেডিক রয়েছেন এবং ফার্মেসীর জন্য রয়েছেন একজন ফার্মাসিস্ট ও ম্যানেজার। অন্যান্য হেলথ সেন্টার থেকে হেলথ সেন্টার-১ এর বিশেষত্ব হল ২০২১ সাল থেকে এখানে ফিজিওথেরাপি সেবা প্রদান করা হয়। বাংলাদেশ হিমোফিলিয়া সোসাইটির সাথে যুক্ত হয়ে আইডিএফ হেলথ সেন্টার-১ ফিজিওথেরাপি সেবা প্রদান করে থাকে।




**সাতকানিয়া পৌরসভা স্বাস্থ্যসেবা কেন্দ্রঃ** সাতকানিয়া পৌরসভার অনুরোধে আইডিএফ পৌরসভা কমপ্লেক্স ভবনে একটি স্বাস্থ্যসেবা কেন্দ্রের মাধ্যমে প্রতিদিন রোগীদের প্রাথমিক চিকিৎসাসেবা প্রদান করা হয়। ২০১৮ সালের মে মাসথেকে এ কেন্দ্রের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান, চক্ষু রোগীদের সেবা প্রদান, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিনামূল্যে স্বাস্থ্য চেকআপ, ব্লাড গ্রুপিং ও চোখের ভিশন পরীক্ষা করা হয়ে থাকে। এছাড়াও ডায়াবেটিক পরীক্ষা, ইউরিন সুগার পরীক্ষা, রক্তের ইউরিক এসিড পরীক্ষা, রক্তের কোলেস্টেরল পরীক্ষা ও প্রেগন্যান্সী পরীক্ষাও করা হয়।


## ৭. চক্ষু সেবা



স্বাস্থ্য কর্মসূচির অধীনে, আইডিএফ চোখের যত্নের জন্য লায়ন্স ক্লাব অব চিটাগাং এর সাথে যৌথ উদ্যোগে ২০০২ সালে চক্ষু ক্যাম্প আয়োজনের মাধ্যমে এ কর্মসূচি শুরু করে। পরবর্তীতে হেলেন কেলার ইন্টারন্যাশনাল (HKI) এবং CEITC (চট্টগ্রাম আই ইনফার্মারি ট্রেনিং সেন্টার) এর সহায়তায় ২০০৪ সাল থেকে আইডিএফ চক্ষু সেবাকে একটি নিয়মিত কর্মসূচি হিসেবে গ্রহণ করে। এই ব্যবস্থার অধীনে, CEITC দরিদ্র রোগীদের অস্ত্রোপচার সহ চোখের যত্ন এবং চিকিৎসা বিষয়ে আইডিএফ স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ প্রদান করে। আইডিএফ ২০০৬ সালে প্রকল্পের সমাপ্তির পর CEITC-এর সাথে একটি নিয়মিত প্রোগ্রাম হিসাবে এই কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

## ৮. ডিজিটাল হেলথ রেকর্ড সফটওয়্যার- DotPlus:

আইডিএফ স্বাস্থ্য কর্মসূচিকে ডিজিটালাইজড করার লক্ষ্যে আইডিএফ সেপ্টেম্বর ২০২১ সাল থেকে যুক্তরাষ্ট্র ভিত্তিক একটি প্রতিষ্ঠান “Outreach for all” এর কারিগরি সহায়তায় তৈরী DotPlus সফটওয়্যার ব্যবহার করছে। DotPlus একটি ক্লাউড বেইজড ডিজিটাল স্বাস্থ্যসেবা সিস্টেম যার মাধ্যমে প্রত্যেক সদস্য স্বাস্থ্য সেবা নেয়ার পর তার স্বাস্থ্য পরীক্ষার ফলাফল রেকর্ড হয় ক্লাউড সার্ভারে। এই সফটওয়্যার থেকে ডিজিটাল প্রেসক্রিপশনসহ বিভিন্ন বিশ্লেষণ ধর্মী রিপোর্ট পাওয়া যায় যার ফলে বর্তমানে সমস্ত ডাক্তার এবং প্যারামেডিকরা তাদের দৈনন্দিন কাজের জন্য এই ডিজিটাল হেলথ সফটওয়্যার ব্যবহার করছেন। এই সফটওয়্যার থেকে প্রত্যেক সদস্যের জন্য QR কোড ভিত্তিক ব্যক্তিগত হেলথ কার্ড তৈরির কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। এই হেলথ কার্ড স্ক্যান করে খুব সহজে একজন সদস্যের বিস্তারিত স্বাস্থ্য রেকর্ড স্বল্প সময়ের মধ্যে পাওয়া যায়। বিশেষ করে গর্ভবতী ও প্রসুতী মায়েরা এই হেলথ কার্ড ব্যবহার করে ওষুধ সহ নিয়মিত চেক-আপ নিশ্চিত করতে পারে।



## ৯. জুলাই-অক্টোবর ২০২২ এ স্বাস্থ্য কার্যক্রম

*আইডিএফ ১৯৯৫ সালে পার্বত্য অঞ্চলের দরিদ্র জনগণের মাঝে স্বাস্থ্য সচেতনতা সৃষ্টি এবং নিরাপদ পানি ও স্বাস্থ্যসেবা প্রদানের উদ্দেশ্যে স্বাস্থ্য কর্মসূচির কার্যক্রম শুরু করে। বর্তমানে এই কর্মসূচির আওতায় বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হয়। সংস্থার সকল শাখার কেন্দ্রসমূহে প্যারামেডিক ডাক্তারদের মাধ্যমে সদস্যদের নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানের পাশাপাশি আইডিএফ পরিচালিত ৫টি স্বাস্থ্যসেবা কেন্দ্রের মাধ্যমে রোগীদেরকে আউটডোর স্বাস্থ্যসেবা ও ঔষধ বিতরণ করা হয়ে থাকে। এছাড়াও কর্মএলাকায় সংস্থার শাখা অফিসসমূহের সহায়তায় স্বাস্থ্যবিষয়ক বিভিন্ন বিষয়ভিত্তিক ক্যাম্প পরিচালনা করা হয়। বিগত জুলাই-অক্টোবর, ২০২২ সময়ে আইডিএফ এর বিভিন্ন কর্মএলাকায় পরিচালিত উল্লেখযোগ্য কিছু স্বাস্থ্যসংবাদ এ সংখ্যায় প্রকাশ করা হল।*

### ৯.১ ব্লাড গ্রুপিং এবং স্বাস্থ্য ক্যাম্প

#### ৯.১.১ বালা ঘাটা শাখা




বিগত ২৮/০৮/২০২২ইং তারিখ রোজ রবিবার জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আইডিএফ, স্বাস্থ্য কর্মসূচির নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে আইডিএফ, বান্দরবান এরিয়ার আওতাধীন বালাঘ-াটা শাখার অধীনে জামছড়ি ইউনিয়ন পরিষদে একটি আলোচনা সভা, ব্লাড গ্রুপিং এবং চিকিৎসা সেবা ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভা ও ব্লাড গ্রুপিং ক্যাম্পে আইডিএফ, বালাঘাটা শাখার শাখা ব্যবস্থাপক জনাব আজিজুল হক এবং প্রশিক্ষণার্থী প্রোগ্রাম অর্গানাইজার জনাব মো: নিজামুল ইসলাম এর উপস্থিতিতে ৯১ জনকে ব্লাডগ্রুপিং, ২২ জন রোগীকে চিকিৎসা এবং ১ জন রোগীকে টেলিহেলথ সেবা প্রদান করা হয়। বিগত ২৫/১০/২০২২ইং তারিখ রোজ মঙ্গলবার বান্দরবান এরিয়ার আওতাধীন বালাঘাটা শাখার অধীনে কালাঘাটা (৪৮/ম, ২২/ম, ১০৩/ম) কেন্দ্র নিয়ে একটি ব্লাড গ্রুপিং ও চিকিৎসা সেবা ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত ব্লাড গ্রুপিং ও চিকিৎসা সেবা ক্যাম্পে আইডিএফ, বালাঘাটা শাখার শাখা ব্যবস্থাপক জনাব আজিজুল হক এবং প্রশিক্ষণার্থী প্রোগ্রাম অর্গানাইজার জনাব মোঃ নিজামুল ইসলাম জিসান এর উপস্থিতিতে ১০৩ জনকে ব্লাডগ্রুপিং, ৪ জনকে ডায়াবেটিস টেষ্ট এবং ১৪ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। উক্ত ক্যাম্পসমূহ পরিচালনা করেন প্যারামেডিক রুপন দাশ এবং সুমন কান্তি দে।




#### ৯.১.২ সাতকানিয়া শাখা

বিগত ১৮.০৭.২০২২ইং তারিখ আইডিএফ, সাতকানিয়া এরিয়ার আওতাধীন সাতকানিয়া শাখার অধীনে করাইয়া নগর কিশোরী ক্লাবে ব্লাড গ্রুপিং ও চিকিৎসা সেবা ক্যাম্প আয়োজন করা হয়। কিশোরী কর্মসূচির প্রোগ্রাম অর্গানাইজার জনাব গোলাম সামদানি এর উপস্থিতিতে ৪৬ জনকে ব্লাড গ্রুপিং এবং ২২ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। উক্ত ক্যাম্পে ব্লাড গ্রুপিং এবং চিকিৎসা সেবা প্রদান করেন প্যারামেডিক জনাব আফজালুর রহমান রাজু।



#### ৯.১.৩ চান্দিনা শাখা

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে গত ২৭/৮/২০২২ইং তারিখে আই.ডি.এফ চান্দিনা থানায় (কুমিল্লা এরিয়া) ফ্রি ব্লাড গ্রুপিং ও চিকিৎসা সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পে উপস্থিত ছিলেন চান্দিনা শাখার শাখা ব্যবস্থাপক মোঃ জুলফিকার আলী ও প্রশিক্ষণার্থী শাখা ব্যবস্থাপক মোঃ সাইফুল ইসলাম এবং প্যারামেডিক মোঃ আবদুল্লাহ আল ফয়েজ ও প্রশিক্ষণার্থী প্যারামেডিক মোঃ মেহেদী হাসান। উক্ত ক্যাম্পে ৫৭ জনকে ব্লাড গ্রুপিং, ১১ জনকে টেলিমেডিসিন সেবা এবং ২৫ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়।



### ৯.১.৪ শেরপুর শাখা

আইডিএফ নাটোর এরিয়ার শেরপুর শাখার বিভিন্ন এলাকায় প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে সেবাদানের লক্ষ্যে ১৪/০৮/২২ ও ১০/০৯/২২ ইং তারিখে ০২ টি স্বাস্থ্য ক্যাম্প ও ব্লাড গ্রুপ ক্যাম্প আয়োজন এবং বিনামূল্যে ওষুধ বিতরণ করা হয়। স্বাস্থ্য ক্যাম্প গুলোতে বিভিন্ন রোগের ১৮৩ জন রোগীকে চিকিৎসা সেবা দেওয়া হয়। এছাড়াও ৯৫ জন ব্যক্তির ব্লাড গ্রুপ নির্ণয় করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্পে টেলিমেডিসিন সেবা প্রদান করেন ডাক্তার সাদিকুন নাহার ঝুমুর। স্বাস্থ্য ক্যাম্প পরিচালনা করেন সংস্থার প্যারামেডিক মোঃ রুবেল হোসেন ও মোঃ রুহুল আমিন। উক্ত স্বাস্থ্য ক্যাম্পে শাখা ব্যবস্থাপক ও শাখার অন্যান্য সহকর্মীবৃন্দ ছাড়াও আরো উপস্থিত ছিলেন এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।



### ৯.১.৫ লালপুর শাখা

বিগত ২২/০৮/২০২২ইং তারিখে আইডিএফ লালপুর শাখায় সদস্যাদের মাঝে ফ্রি চিকিৎসা সেবা ও ব্লাড গ্রুপিং ক্যাম্প এর আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে ৭৮ জনের ব্লাড গ্রুপ নির্ণয়, ৫৭ জনকে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান, ১৮ জনের ডায়াবেটিস পরীক্ষা ও ১৫ জনকে প্রতিষ্ঠানের অভিজ্ঞ এমবিবিএস ডাঃ দ্বারা টেলিমেডিসিন সেবা দেওয়া হয়। লালপুর শাখার শাখা ব্যবস্থাপক মোঃ আনোয়ার হোসেন এর সভাপতিত্বে উক্ত ক্যাম্পে সার্বিক সহযোগিতা করেন বিলাস রঞ্জন সরকার (বাঘা ও আড়ানি শাখা) এবং মোঃ মনিরুজ্জামান (তাহেরপুর ও দূর্গাপুর শাখা)। ক্যাম্পটি আয়োজন করেন তরুন কুমার (লালপুর ও বাগাতিপাড়া শাখা)।



### ৯.১.৬ আইডিএফ স্বাস্থ্যসেবা কেন্দ্র ০১

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আইডিএফ এর স্বাস্থ্যসেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেয়া ও অবহেলিত জনগোষ্ঠীর জন্য মানসম্মত স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে বিগত ২৮/০৮/২২ ইং তারিখ সকাল ১০ টা হতে দুপুর ২টা পর্যন্ত আইডিএফ স্বাস্থ্য সেবা কেন্দ্র ০১ এ ১টি স্বাস্থ্য ক্যাম্প ও ব্লাড গ্রুপিং ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্পে ১২৯ জন রোগীকে প্রয়োজনীয় চিকিৎসাসেবা প্রদান এবং রোগীদের মাঝে ৮০০০/- টাকার বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। ব্লাডগ্রুপিং ক্যাম্পে ৯৭ জনের রক্তের গ্রুপ পরীক্ষা করা হয়। হেলথ কো-অর্ডিনেটর ডাঃ মুক্তা খানম এর সার্বিক তত্ত্বাবধানে উক্ত মেডিকেল ক্যাম্পে চিকিৎসা সেবা প্রদান করেন ডাঃ শফিকুজ্জামান চৌধুরী ও ডাঃ ফয়জুন নেছা হক। এছাড়াও আইডিএফ স্বাস্থ্য সেবা কেন্দ্রের প্যারামেডিক সুমন চন্দ্র সরকার এর পরিচালনায় ব্লাড গ্রুপিং ক্যাম্পে সহযোগিতা করেন সংস্থার প্যারামেডিক তমাল ভারতী, আতিকুর রহমান ও বিশ্ব চাকমা। এছাড়াও ক্যাম্পে সার্বিক সহযোগিতা করেন স্বাস্থ্য সেবা কেন্দ্র ০১ এর ম্যানেজার শামীমা আক্তার, ফার্মাসিষ্ট রুকসার ফাতেমা, অভ্যর্থনা সহকারী জান্নাতুল নাঈম। উক্ত ক্যাম্পে অতিথি হিসেবে ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন ৪ নং ওয়ার্ড এর কাউন্সিলর জনাব এসরারুল হক এসরাল, আইডিএফ আঞ্চলিক কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা জনাব আবু নাছের সিদ্দিক কিরন, শহর অঞ্চল ০১ এর এরিয়া ম্যানেজার জনাব খোরশেদুল আলমসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।



### ৯.১.৭ বাঘা শাখা

বিগত ০৩/০৮/২২ ইং তারিখে আইডিএফ বাঘা শাখায় আটঘরি ৭১/ম ও ৯৭/ম কেন্দ্রে সদস্য ও অন্যান্য সাধারণ রোগীদের মাঝে প্রাথমিক স্বাস্থ্যসেবা ও সংস্থার বিশেষজ্ঞ ডাক্তার এর মাধ্যমে টেলিমেডিসিন সেবা প্রদান করা হয়। উক্ত ক্যাম্পে সাধারণ চিকিৎসা সেবা গ্রহণ করেন ৫২ জন, টেলিমেডিসিন সেবা গ্রহণ করেন ১৮ জন ও ডায়াবেটিস চেক করা হয় ৭ জনের। এছাড়াও ৭ জনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়। বিলাস রঞ্জন সরকার (প্যারামেডিক) এর পরিচালনায় ক্যাম্পটি বাস্তবায়নে সহযোগিতা করেন আইডিএফ বাঘা শাখার শাখা ব্যবস্থাপক মোঃ ফারুক হোসেন ও শাখার সহকর্মী মিলন প্রাং ও উজ্জল কুমার। উক্ত ক্যাম্পে টেলিমেডিসিন সেবা প্রদান করেন ডাঃ সাদিকুন নাহার ঝুমুর, এমবিবিএস, সিসিডি (বারডেম), পিজিটি (গাইনী, অবস্)।



### ৯.১.৮ নলডাঙ্গা শাখা

বিগত ২৩/০৬/২০২২ ইং তারিখে আইডিএফ নলডাঙ্গা শাখায় সদস্যাদের মাঝে সেবাদানের লক্ষ্যে চিকিৎসা ক্যাম্প এর আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে সদস্যাদের চিকিৎসাসেবা প্রদানের পাশাপাশি বিনামূল্যে ঔষধও বিতরণ করা হয়। ক্যাম্পে মোট উপস্থিতির সংখ্যা ছিল ১১৫ জন। তন্মধ্যে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে ৭৮ জনকে ও ডায়াবেটিস পরীক্ষা করানো হয়েছে ১৫ জনকে এবং ৮ জনকে প্রতিষ্ঠানের অভিজ্ঞ এমবিবিএস ডাঃ দ্বারা টেলিমেডিসিন সেবা প্রদান করা হয়েছে। স্বাস্থ্য ক্যাম্প পরিচালনা করেন প্যারামেডিক মোঃ আজিজুল হক, মোঃ মনিরুজ্জামান ও তরুণ কুমার। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইডিএফ নলডাঙ্গা শাখার শাখা ব্যবস্থাপক মোঃ মহসিন আলী।



### ৯.১.৯ নওগাঁ শাখা

বিগত০৮/০৮/২০২২ ইং তারিখে আইডিএফ নওগাঁ শাখার ৫১/ম কেন্দ্রে ফ্রি চিকিৎসা সেবা এবং ঔষধ বিতরণ ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে উপস্থিত ছিলেন অত্র শাখার শাখা ব্যবস্থাপক এবং সকল সহকর্মীবৃন্দ। চিকিৎসা সেবা প্রদান করেন প্যারামেডিক ময়েজ উদ্দিন। উক্ত ক্যাম্পে ৬৮ জনকে ঔষধ বিতরণ ও চিকিৎসা সেবা প্রদান করা হয় এবং ১৪ জনের ফ্রি ডায়াবেটিস পরীক্ষা করা হয়।

### ৯.১.১০ ব্লাড গ্রুপিং ক্যাম্প, কাফুরিয়া শাখাঃ

আইডিএফ কাফুরিয়া শাখায় বিগত ৩০/০৭/২০২২, ০২৫/০৮/২০২২ ও ৩০/০৮/২০২২ ইং তারিখে সদস্যদের স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে তিনটি ব্লাড গ্রুপিং ক্যাম্প এর আয়োজন করা হয়। তন্মধ্যে ১৩১/ম নারায়ন পাড়া কেন্দ্রে ৩২ জনের রক্তের গ্রুপ পরীক্ষা, কাফুরিয়া শাখার অন্তর্গত দেব নগর প্রাথমিক বিদ্যালয়ে আয়োজিত ক্যাম্পে ৯৮জনের রক্তের গ্রুপ পরীক্ষা ও কাফুরিয়া শাখার অন্তর্গত বজরা-পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আয়োজিত ক্যাম্পে ৮৪ জনের রক্তের গ্রুপ পরীক্ষা করানো হয়। ক্যাম্প সমূহে উপস্থিত ছিলেন কাফুরিয়া শাখার শাখা ব্যবস্থাপক জনাব মোঃ ইলিয়াস কাঞ্চন, কাফুরিয়া শাখার কৃষি উন্নয়ন বিভাগের কর্মকর্তা জনাব মোঃ খালেদ হোসেন এবং রক্তের গ্রুপ পরীক্ষা করেন কাফুরিয়া শাখার প্যারামেডিক মোঃ রবিউল ইসলাম ও নলডাঙ্গা শাখার প্যারামেডিক মোঃ আজিজুল হক। সার্বিক সহযোগিতায় ছিলেন আইডিএফ কাফুরিয়া শাখার সহকর্মী মোঃ সুজন মাহমুদ ও শ্রী দিখীল কুমার। এছাড়াও উপস্থিত ছিলেন প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষকসহ সভাপতিবৃন্দ।







### ৯.১.১১ নাটোর শাখা

বিগত ০৩/০৮/২০২২ ইং তারিখে আইডিএফ নাটোর শাখার ৫৮/ম কালিগঞ্জ কেন্দ্রে সদস্যদের রক্তের গ্রুপ পরীক্ষা ও ফ্রি চিকিৎসা ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে ২৮ জনের রক্তের গ্রুপ পরীক্ষা এবং ৪৫ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয় ।উক্ত ক্যাম্পে উপস্থিত ছিলেন মোঃ রবিউল ইসলাম, প্যারামেডিক, আইডিএফ নাটোর ও কাফুরিয়া শাখা এবং প্যারামেডিক মোঃ রুহুল আমিন, আইডিএফ বড়াইগ্রাম ও গুরুদাসপুর শাখা। সার্বিক সহযোগিতায় ছিলেন মোঃ রায়হান আলী, সহকর্মী, আইডিএফ নাটোর শাখা।





## ৯.১.১২ বাগাতিপাড়া শাখা

আইডিএফ বাগাতিপাড়া শাখার ৭/ম (হিজলী পাবনা পাড়া) কেন্দ্রে সদস্য ও জনসাধারণের জন্য একটি ব্লাড গ্রুপিং ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে তরুন কুমার (DMF) ৫৭ জনের ব্লাড গ্রুপ নির্ণয় করেন। পাশাপাশি সার্বিক সহযোগিতায় ছিলেন মোঃ মাহাতাব আলী (শাখা ব্যবস্থাপক), মোঃ ইদ্রিস রানা (SFO) ও মো মুসলেম আলী। এছাড়াও বাগাতিপাড়া শাখায় সদস্য ও সদস্য-র বাহিরে সাধারণ রোগীদের মাঝে প্রাথমিক স্বাস্থ্যসেবা, ব্লাড গ্রুপিং ও সংস্থার বিশেষজ্ঞ ডাক্তার এর মাধ্যমে টেলি-মেডিসিন সেবা প্রদান করা হয়। এসময় ১৮ জনকে প্রাথমিক স্বাস্থ্যসেবা, ৫৭ জনের ব্লাড গ্রুপ নির্ণয় এবং১৪ জনকে টেলিহেলথ সুবিধা প্রদান করা হয়। প্রাথমিক স্বাস্থ্যসেবা ও ব্লাড গ্রুপ নির্ণয় করেন তরুন কুমার (DMF) ও বিলাস রঞ্জন সরকার (DMF) এবং টেলিমেডিসিন সেবা প্রদান করেন ডাঃ সাদিকুন নাহার ঝুমুর, এমবিবিএস, সিসিডি (বারডেম), পিজিটি (গাইনি, অব্‌স)।

## ৯.১.১৩ রহনপুর শাখা

আইডিএফ রহনপুর শাখার উদ্যোগে বিগত ২৪/০৯/২০২২ ইং তারিখে জামালপুর গ্রামের ৮৬/ম ও ১১১/ম নং কেন্দ্রে বিনামূল্যেব্লাড গ্রুপিং ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে সদস্য ও সদস্যার বাহিরে মোট ৮৭ জনের বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় করে দেওয়া হয়। এছাড়া রক্ত দিয়ে মানুষের জীবন বাঁচানোর বিষয়ে সদস্য ও গ্রামের অন্যান্য জনগণ কে উৎসাহ প্রদান করা হয়। উক্ত ক্যাম্পে উপস্থিত ছিলেন আইডিএফ রহনপুর শাখার শাখা ব্যবস্থাপক মোঃ আব্দুর রাজ্জাক সহ শাখার সকল সহকর্মীবৃন্দ। উক্ত ক্যাম্প পরিচালনা করেন শাখার প্যারামেডিক এইচ.এম.হাসান (চৌডালা ও রহনপুর শাখা), প্যারামেডিক মোঃ রাজিব বিল্লাহ (চাপাই সদর শাখা) এবং প্যারামেডিক মোঃ আরিফুল ইসলাম (বালিয়াডাঙ্গা শাখা)।




# ৯.২ মিনি হেলথ ক্যাম্প

## ৯.২.১ গুরুদাসপুর ও বড়াইগ্রাম শাখা




আইডিএফ স্বাস্থ্যসেবার মান এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে জুলাই ২০২২ হতে অক্টোবর ২০২২ ইং তারিখ পর্যন্ত বিভিন্ন তারিখে আইডিএফ নাটোর এরিয়াধীন গুরুদাসপুর ও বড়াইগ্রাম শাখার আওতাধীন বিভিন্ন এলাকায় প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সর্বমোট ৪টি মিনি স্বাস্থ্য ক্যাম্প ও ৬টি ব্লাড গ্রুপিং ক্যাম্প আয়োজন করা হয়। স্বাস্থ্যক্যাম্প গুলিতে বিভিন্ন ধরনের রোগের ৩২৭ জন রোগীর প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করা হয় এবং ৩৮৪ জন কে ব্লাড গ্রুপিং করানো হয়। এছাড়া স্বাস্থ্য ক্যাম্পে ২৪ জনকে টেলিমেডিসিন সেবা প্রদান করা হয় ও ৩৩ জনকে ডায়াবেটিস পরীক্ষা করানো হয় এবং ১২ জনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়। উক্ত স্বাস্থ্যক্যাম্প পরিচালনা করেন আইডিএফ বড়াইগ্রাম ও গুরুদাসপুর শাখার প্যারামেডিক্স মোঃ রুহুল আমিন। এছাড়াও ক্যাম্পসমূহে সার্বিক সহযোগিতা করেন প্যারামেডিক মোহাঃ মাহফুজুর রহমান, মোঃ রবিউল ইসলাম, তরুণ কুমার, রুবেল হোসেন এবং আজিজুল হক। উক্ত ক্যাম্প গুলিতে অতিথি হিসেবে ছিলেন আইডিএফ রাজশাহী যোনের জোনাল ম্যানেজার, নাটোর এরিয়ার এরিয়া ম্যানেজার, সংশ্লিষ্ট শাখার শাখা ব্যবস্থাপক ও সহকর্মী এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

## ৯.২.২ মহাদেবপুর শাখা

বিগত ২৯/১০/২০২২ইং তারিখে আইডিএফ মহাদেবপুর শাখায় মিনি স্বাস্থ্য সেবা ক্যাম্প এর আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে মোট ৪৫জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান ও বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। ৩ জনের ডায়াবেটিস পরীক্ষা করা হয়। ক্যাম্পে সেবা গ্রহণকারীদের মধ্যে মহিলা রোগী ৩৫জন, পুরুষ রোগী ০৮ জন ও শিশু ০২ জন। উক্ত ক্যাম্পে স্বাস্থ্যসেবা প্রদান করেন শাখার প্যারামেডিক কামরুল হাসান।





## ৯.২.৩ নিয়ামতপুর শাখা

বিগত ১৯/০৯/২০২২ইং তারিখে আইডিএফ নিয়ামতপুর শাখায় মিনি স্বাস্থ্য সেবা ক্যাম্প এর আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে মোট ৬০জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান ও বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। ক্যাম্পে সেবা গ্রহণকারীদের মধ্যে মহিলা রোগী ৫৫ জন, পুরুষ রোগী ০৩ জন এবং শিশু ০২ জন। ক্যাম্পে স্বাস্থ্যসেবা প্রদান করেন শাখার প্যারামেডিক কামরুল হাসান।




## ৯.২.৪ ঢাকা

আইডিএফ এর স্বাস্থ্যসেবার মান এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে জুলাই ২০২২ হতে অক্টোবর ২০২২ ইং তারিখ পর্যন্ত বিভিন্ন তারিখে আইডিএফ ঢাকা এরিয়ার টঙ্গী, উত্তরখান, শ্রীপুর, কাপাসিয়া এবং মরেনাহরদী শাখার আওতাধীন বিভিন্ন এলাকায় প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সর্বমোট ৬টি মিনি হেলথ ক্যাম্প এর আয়োজন করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে ১৮৩ জন রোগীকে বিভিন্ন রোগের চিকিৎসা প্রদান, ১০ জনের ডায়াবেটিস পরীক্ষা এবং ১৩ জনকে টেলিমেডিসিন সেবা প্রদান করা হয়। স্বাস্থ্য ক্যাম্পসমূহ পরিচালনা করেন প্যারামেডিক আসিফ জারদারী (টঙ্গী ও উত্তরখান শাখা) এবং প্যারামেডিক বিদেশ রায় (শ্রীপুর, কাপাসিয়া ও মরেনাহরদী শাখা)। এছাড়াও জুলাই-অক্টোবর, ২০২২ সময়ে ঢাকা এরিয়ায় আইডিএফ স্বাস্থ্য বিভাগের অন্যান্য নিয়মিত কার্যক্রমসমূহ হল: হেলথ স্পটের মাধ্যমে চিকিৎসা প্রদান, কাউন্সেলিং সেশন ৩১টি, জেনারেল রোগীর সংখ্যা ১০৮৫ জন, টেলিমেডিসিন সেবা ১৩৭ জন ও ডায়াবটিক পরীক্ষা ২০ জন।

## ৯.৩ টেলিহেলথ ক্যাম্প

### ৯.৩.১ লামা শাখা






বিগত ৩১/০৭/২০২২ ইং তারিখ রোজ রবিবার আইডিএফ, কক্সবাজার এরিয়ার আওতাধীন লামা শাখায় একটি টেলিহেলথ ক্যাম্প আয়োজন করা হয়। টেলিহেলথ ক্যাম্পে অনলাইনে যুক্ত হয়ে চিকিৎসা সেবা প্রদান করেন ডা: ফয়জুন নেসা, মেডিকেল অফিসার, আইডিএফ স্বাস্থ্য সেবা কেন্দ্র-০১, চট্টগ্রাম এবং সার্বিক সহযোগিতা প্রদান করেন সিনিয়র প্যারামেডিক মোহাম্মদ জিয়া উদ্দীন বাবলু। উক্ত ক্যাম্পে ২৬ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়।

## ৯.৪ জাতীয় শোক দিবসে স্বাস্থ্য কার্যক্রম




### ৯.৪.১ বড়াইগ্রাম শাখা

১৫ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিগত ২৬/৮/২০২২ ইং তারিখে আইডিএফ বড়াইগ্রাম শাখার আয়োজনে বিনামূল্যে চক্ষু চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত হয়। আইডিএফ বড়াইগ্রাম শাখার শাখা ব্যবস্থাপক ও প্যারামেডিক মোঃ রুহুল আমিনের পরিচালনায় চক্ষু ক্যাম্প আয়োজনে সার্বিক সহযোগিতা ও বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন আইডিএফ রাজশাহী যোনের সম্মানিত যোনাল ম্যানেজার জনাব বিজন কুমার সরকার ও নাটোর এরিয়ার এরিয়া ম্যানেজার মোঃ শফীকুল ইসলাম। এছাড়াও উক্ত চক্ষু চিকিৎসা ক্যাম্পে উপস্থিত ছিলেন জনাব মোঃ ইব্রাহিম, সাবেক প্রিন্সিপাল, রোজি মোজাম্মেল অনার্স কলেজ, বড়াইগ্রাম পৌরসভার মেয়র মহোদয়ের প্রতিনিধি ও মহিলা কাউন্সিলর, বিভিন্ন শাখার প্যারামেডিক ডাক্তার ও শাখার সহকর্মীবৃন্দ। উক্ত ক্যাম্পে চিকিৎসা প্রদান করেন রাজশাহী লায়ন্স চক্ষু হাসপাতালের ডাঃ মোঃ আক্তারুল আলম ও মাসুদ পারভেজ। ক্যাম্পে ২০৭ জনকে চোখের বিভিন্ন ধরনের চিকিৎসা সেবা প্রদান ও ৩৬ জনকে অপারেশনের পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও চক্ষু ক্যাম্পের পাশাপাশি ৬৫ জনকে প্রাথমিক চিকিৎসা, ১৩ জনকে ডায়াবেটিস পরীক্ষা ও ২৩ জনের ব্লাডগ্রুপ পরীক্ষা করেন প্যারামেডিক তরুণ কুমার, রবিউল ইসলাম, রুবেল হোসেন, আজিজুল হক এবং মাহফুজুর রহমান।

## ৯.৪.২ বালিয়াডাঙ্গা শাখা



১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মাসব্যাপী ফ্রী প্রাথমিক চিকিৎসা সেবা ও ব্লাড গ্রুপিং ক্যাম্প এর অংশ হিসেবে আইডিএফ এর বালিয়াডাঙ্গা শাখায় বিগত ১৩/০৮/২০২২ ও ২৪/০৮/২০২২ ইং তারিখে ফ্রী প্রাথমিক চিকিৎসা সেবা ও ব্লাড গ্রুপিং ক্যাম্প আয়োজন করা হয়। ক্যাম্পসমূহে সেবা প্রদান করেন বালিয়াডাঙ্গা শাখার প্যারামেডিক মোঃ আরিফুল ইসলাম, চাঁপাইনবাবগঞ্জ শাখার প্যারামেডিক মোঃ রাজীব বিল্লাহ এবং চৌডালা শাখার প্যারামেডিক মোঃ আবু হাসান। এছাড়াও ক্যাম্পসমূহে উপস্থিত ছিলেন আইডিএফ চাঁপাইনবাবগঞ্জ এরিয়ার এরিয়া ম্যানেজার মোঃ শামীম রেজা ও বালিয়াডাঙ্গা শাখার শাখা ব্যবস্থাপক।



## ৯.৪.৩ শিবগঞ্জ শাখা

বিগত১১/০৯/২০২২ ইং তারিখে ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে শিবগঞ্জ শাখায় ফ্রী ব্লাড গ্রুপিং ক্যাম্প এর আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে রক্তের গ্রুপ পরীক্ষা করেন শিবগঞ্জ শাখার প্যারামেডিক মোঃ আরিফুল ইসলাম এবং চাঁপাইনবাবগঞ্জ শাখার প্যারামেডিক মোঃ রাজীববিল্লাহ। এছাড়াও উপস্থিত ছিলেন আইডিএফ চাঁপাইনবাবগঞ্জ এরিয়ার এরিয়া ম্যানেজার মোঃ শামীম রেজা এবং শিবগঞ্জ শাখার শাখা ব্যবস্থাপক।



## ৯.৪.৪ গোদাগাড়ী শাখা

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আইডিএফ গোদাগাড়ী শাখায় মাসব্যাপী ফ্রি চিকিৎসা সেবা ও ব্লাড গ্রুপিং ক্যাম্প আয়োজন করা হয়। গোদাগাড়ী শাখার মাধাই পুরে ৭৪/ম কেন্দ্রের সদস্যদের মাঝে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান ও বিনামূল্যে ব্লাড গ্রুপিং ক্যাম্প এর আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে উপস্থিত ছিলেন গোদাগাড়ী শাখার শাখা ব্যবস্থাপক ও শাখার সহকর্মীগণ। উক্ত ক্যাম্পের উঠান বৈঠকে ৭০ থেকে ৭৫ জন এর মাঝে আই ডি এফ এর সকল সুবিধা ও সেবা সম্পর্কে অবহিত করা হয়। উক্ত ক্যাম্পে ৫০ জন এর ব্লাড গ্রুপিং নির্ণয় করা হয়। গোদাগাড়ী শাখার চৌদুয়ারে ৭৩/ম কেন্দ্রে আয়োজিত ক্যাম্পে ৬৫ জন মানুষের রক্তের গ্রুপ নির্ণয় করা হয় এবং ১৩ জন এর জেনারেল হেলথ চেক আপ করা হয়। উক্ত ক্যাম্পের উঠান বৈঠকে ৮০/৮৫ জন এর মাঝে আই ডি এফ সম্পর্কে অবহিত করা হয়। এসময় আইডিএফ হতে সেবা গ্রহণকারীরা আই ডি এফ এর প্রতি ধন্যবাদ জ্ঞাপন ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।



## ৯.৪.৫ চাপাইনবাবগঞ্জ শাখা

সদস্যদের স্বাস্থ্য সুরক্ষার কথা মাথায় রেখে আই ডি এফ সারা দেশব্যাপী চিকিৎসাসেবা প্রসারিত করে চলছে। তারই ধারাবাহিকতায় জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আইডিএফ চাপাইনবাবগঞ্জ শাখায় মাওরি পারা ৩২/ম কেন্দ্রে ফ্রি চিকিৎসা সেবা ও ব্লাড গ্রুপিং ক্যাম্প আয়োজন করা হয়, যেখানে ১৪৬ জন এর ব্লাড গ্রুপ নির্ণয় করা হয়। উক্ত ক্যাম্পে উপস্থিত ছিলেন চাঁপাইনবাবগঞ্জ শাখার শাখা ব্যবস্থাপক জনাব মোঃ মোজাম্মেল হক। ক্যাম্পটি পরিচালনা করেন চাঁপাই শাখার প্যারামেডিক মোঃ রাজিব বিল্লাহ্ এবং আরো উপস্থিত ছিলেন বালিয়াডাঙ্গা শাখার প্যারামেডিক মোঃ আরিফুল ইসলাম এবং রহনপুর শাখার প্যারামেডিক এইচ.এম. হাসান।



## ৯.৪.৬ দুর্গাপুর শাখা

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আইডিএফ দুর্গাপুর শাখায় দুর্গাপুর উপজেলাতে অবস্থিত হলিহেরা একাডেমীতে একটি ফ্রি ব্লাড গ্রুপিং ক্যাম্পের আয়োজন করা হয়। দুর্গাপুর উপজেলা নির্বাহী অফিসার এর অনুমতি সাপেক্ষে বিগত ১৩/০৮/২০২২ইং তারিখে ব্লাড গ্রুপিং ক্যাম্পটি বাস্তবায়ন করা হয়। উক্ত ক্যাম্পে ৩৬ জনের "এ" পজিটিভ, ৬৩ জনের "বি" পজিটিভ, ৯৪ জনের "এবি" পজিটিভ, ১৭ জনের "ও" পজিটিভ, ০২ জনের "বি" নেগেটিভ, ০৩ জনের "ও" নেগেটিভ, ০১ জনের "এবি" নেগেটিভ সহ মেট ২১৬ জনের রক্তের গ্রুপ নির্ণয় করা হয়। উক্ত ক্যাম্পে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দূর্গাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ সোহেল রানা ও এসিল্যান্ড জনাব শুভ দেবনাথ সহ হলিহেরা একাডেমীর সকল শিক্ষক মন্ডলী। উক্ত ক্যাম্প পরিদর্শন শেষে আমন্ত্রিত অতিথিবর্গ আইডিএফ এর স্বাস্থ্য কর্মসূচির ভূয়সী প্রশংসা করেন। মোঃ মনিরুজ্জামান (প্যারামেডিক, তাহেরপুর ও দুর্গাপুর শাখা) এর আয়োজনে উক্ত ক্যাম্পটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইডিএফ দূর্গাপুর শাখার শাখা ব্যবস্থাপক মোঃ সিরাজুল ইসলাম ও কৃষি কর্মকর্তা মোঃ মহিউদ্দীন। উক্ত ক্যাম্পটি বাস্তবায়নে সহযোগিতা করেন প্যারামেডিক তরুন কুমারও মোঃ আমিনুল ইসলাম।

### ৯.৪.৭ তাহেরপুর শাখা



জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আইডিএফ তাহেরপুর শাখার ৯৬/ম গোপালপুর কেন্দ্রে একটি প্রাথমিক স্বাস্থ্য সেবা, ফ্রি ঔষধ বিতরণ ও রক্তের গ্রুপ নির্ণয় ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে বিভিন্ন রোগের দিক নির্দেশনা সহ ৫৬ জনের প্রাথমিক সেবা, ৫১ জনের ওজন নির্ণয়, ১৭ জনের ডায়বেটিক পরীক্ষা, ২৩ জনের ব্যবস্থাপত্র প্রদান, ০৭ জনের টেলিমেডিসিন সেবা প্রদানসহ ৪৩ জনের রক্তের গ্রুপ নির্ণয় করা হয়া। উক্ত ক্যাম্পে সদস্যা ও সদস্যার বাহিরে মোট ৩০ জনকে বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। মোঃ মনিরুজ্জামান (প্যারামেডিক, তাহেরপুর ও দুর্গাপুর শাখা) এর আয়োজন ও পরিচালনায় উক্ত ক্যাম্পে উপস্থিত ছিলেন রাজশাহী যোনের যোনাল ম্যানেজার এর সহযোগী জনাব আসাদুল হক সহ আইডিএফ তাহেরপুর শাখার শাখা ব্যবস্থাপক।




### ৯.৪.৮ নাটোর শাখা

১৫ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মাসব্যাপী প্রাথমিক চিকিৎসা সেবা ও ব্লাড গ্রুপিং এর অংশ হিসেবে নাটোর শাখার ৮৪/ম তেলকুপি পুরাতনপাড়া কেন্দ্রে একটি ব্লাড গ্রুপিং ক্যাম্প ও প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করা হয়। প্যারামেডিক মোঃ রবিউল ইসলাম এর পরিচালনায় উক্ত ক্যাম্পে ২৬ জনের ব্লাড গ্রুপ নির্ণয় এবং ৩২ জনকে বিভিন্ন রোগের প্রতিকার নিয়ে পরামর্শ প্রদান করা হয়। উক্ত ক্যাম্প পরিচালনা করেন প্যারামেডিক মোঃ রবিউল ইসলাম।



### ৯.৪.৯ নজিপুর শাখা

বিগত ১৩/৮/২২ ইং তারিখ ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আইডিএফ নজিপুর শাখার ২৩/ম ও ২৫/ম সালিগ্রাম কেন্দ্রের সদস্য ও তাদের পরিবারবর্গের স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে একটি স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে উপস্থিত ছিলেন নজিপুর শাখার শাখা ব্যবস্থাপক ও সহকর্মীবৃন্দ, চিকিৎসা সেবা প্রদান করেন মোঃ জুয়েল রানা, প্যারামেডিক, নজিপুর শাখা। উক্ত ক্যাম্পে ৫৩ জন (পুরুষ ০৭ জন মহিলা ৪৩ শিশু ০৩ জন) রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান ও বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। এছাড়া উক্ত ক্যাম্পে ৮ জনের ডায়াবেটিক পরীক্ষা ও ৫ জনকে টেলিমেডিসিন সেবা প্রদান করা হয়।



### ৯.৪.১০ নলডাঙ্গা শাখা

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিগত ২১/০৮/২০২২ ইং তারিখে আইডিএফ নাটোর এরিয়ার আওতাধীন নলডাঙ্গা শাখার নবাবের তাম্বু এলাকায় ফ্রী চিকিৎসা সেবা ও টেলিমেডিসিন ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে উপস্থিত ছিলেন জনাব মোঃ মহসিন আলী (শাখা ব্যবস্থাপক)। ক্যাম্পে ৬৭ জন রোগীকে প্রাথমিক চিকিৎসা সেবা দেওয়া হয়। চিকিৎসা সেবা প্রদান করেন মোঃ আজিজুল হক (প্যারামেডিক, নলডাঙ্গা শাখা) ও মোঃ রবিউল ইসলাম (প্যারামেডিক, নাটোর শাখা) এবং ১৮ জন রোগীকে টেলি মেডিসিন চিকিৎসা সেবা দেওয়া হয়। এসময় টেলিমেডিসিন সেবা প্রদান করেন ডাঃ ফয়জুন নেছা হক (হেলথ্ সেন্টার ০১) ও ডাঃ সাদিকুন নাহার ঝুমুর (হেলথ্ সেন্টার ০২)। এছাড়াও উক্ত ক্যাম্পে বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়।

## ৯.৫ আইডিএফ কাজী হালিমা সাত্তার স্বাস্থ্য কমপ্লেক্স

বিগত ১৪ সেপ্টেম্বর, ২০২২ ইং তারিখে চট্টগ্রাম শহরের চান্দগাঁও থানাধীন ৫ নং ওয়ার্ডের ইস্পাহানী জেটি রোডস্থ আইডিএফ কাজী হালিমা সাত্তার স্বাস্থ্য কমপ্লেক্স এ সকাল ৯ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত বিনামূল্যে চিকিৎসা (মেডিসিন, শিশু ও গাইনী) ও ডায়াবেটিস চেকআপ ক্যাম্পের আয়োজন এবং বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। উক্ত চিকিৎসা ও ডায়াবেটিস চেকআপ ক্যাম্পে গাইনি বিষয়ে ৫৮ জন, মেডিসিন বিষয়ে ৭১ জন ও শিশু রোগ সংক্রান্ত ৩৮ জন সর্বমোট ১৬৭ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদান এবং ৮৬ জনকে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা করানো হয়। চিকিৎসা ক্যাম্পে চিকিৎসক হিসেবে রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেন ডাঃ মুক্তা খানম (স্বাস্থ্য সমন্বয়ক), ডাঃ শফিকুজ্জামান চৌধুরী, ডাঃ সাদিকুন্নাহার ঝুমুর এবং ডাঃ ফয়জুন নেছা হক। ডায়াবেটিস চেক আপ ক্যাম্প পরিচালনা করেন প্যারামেডিক মোঃ ফজলে রাব্বি, মোঃ আতিকুর রহমান, অমিত বিশ্বাস এবং দিপু চাকমা। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় নির্বাহী পরিচালক মহোদয় জনাব জহিরুল আলম, জাপান থেকে আগত বিশেষ অতিথি জনাব ইওসিরো ওকাজ্যাকি

(Associate Professor, WASEDA UNIVERSITY), Out Reach for All- এর সফটওয়্যার ডেভেলপার মোঃ শাফ্ফাত, প্রশাসনিক কর্মকর্তা আবু নাছের সিদ্দিক, স্বাস্থ্য সেবা কেন্দ্র -০১ এর ম্যানেজার শামীমা আক্তার, মোহরার শাখা ব্যবস্থাপক মোঃ আরিফুল ইসলামসহ সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।







## ৯.৬ রোহিঙ্গা শরণার্থী ক্যাম্প বালুখালী-১১



বিগত ১২.০৯.২০২২ইং তারিখ রোজ সোমবার রোহিঙ্গা শরণার্থী ক্যাম্প বালুখালী-১১ তে আইডিএফ কর্তৃক স্বাস্থ্য বিষয়ক (Improvement of Knowledge on common Diseases through Research and Training for the forcibly Displaced Myanmar Nationals) প্রোগ্রামের আয়োজন করা হয়। উক্ত প্রোগ্রামে উপস্থিত ছিলেন আইডিএফ এর প্রতিষ্ঠাতা মাননীয় নির্বাহী পরিচালক জনাব জহিরুল আলম, জেনারেল বডির সম্মানিত সদস্য এবং হেলথ ইনচার্জ জনাব, হোসনে আরা বেগম, এছাড়াও উপস্থিত ছিলেন কক্সবাজার এরিয়ার এরিয়া ম্যানেজার জনাব ফারহান চৌধুরী সহ অন্যন্যা কর্মকর্তা ও কর্মচারীগণ। স্বাস্থ্য বিষয়ক আলোচনায় ছিলেন প্যারামেডিক তমাল ভারতী এবং সহকারী স্বাস্থ্য বিষয়ক আলোচনায় ছিলেন প্যারামেডিক দিপংকর দে। উক্ত প্রোগ্রামে বিভিন্ন সংক্রামক রোগ (রোগ কি, রোগ কিভাবে ছড়ায়, কি কি লক্ষণ কিভাবে প্রকাশ পায়, এর প্রতিকার ও উপায়) নিয়ে আলোচনা করা হয়। এছাড়া মানসিক স্বাস্থ্য, হ্যান্ড হাইজিন, শিশু জন্ম পরবর্তী যত্ন নিয়েও আলোচনা করা হয়।



## ৯.৭ কোভিড ১৯ এর ভ্যাক্সিন গ্রহণে কাউন্সেলিং

আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির অংশ হিসেবে, কোভিড ১৯ এর ভ্যাক্সিন গ্রহণের ব্যাপারে জনসাধারণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আইডিএফ খাগড়াছড়ি যোনের আওতাধীন খাগড়াছড়ি ও মানিকছড়ি এরিয়ার বিভিন্ন শাখায় সংশ্লিষ্ট প্যারামেডিকদের পরিচালনায় ১০ টি কাউন্সেলিং সেশন সম্পন্ন করা হয়, এতে প্রায় ৫৫০ জন উপস্থিত ছিলেন, যার মধ্যে সদস্য, সদস্যদের পরিবার এর অন্যান্য সদস্য, তাদের ছেলে মেয়ে ও এলাকার জনসাধারণ উপস্থিত ছিলেন। খাগড়াছড়ি এরিয়ার খাগড়াছড়ি, মাটিরাঙ্গা ও বাঘাইছড়ি শাখায় ৯টি কেন্দ্রের সমন্বয়ে ৬টি সেশন পরিচালিত হয় যেখানে ৩২৫ জন উপস্থিত ছিলেন। অন্যদিকে মানিকছড়ি এরিয়ার মানিকছড়ি, রামগড়, নারায়নহাট ও ফটিকছড়ি শাখায় ৫ টি কেন্দ্রের সমন্বয়ে ৪ টি সেশন পরিচালিত হয় যেখানে ২২৫ জন উপস্থিত ছিলেন। খাগড়াছড়ি এরিয়ায় সেশনসমূহ পরিচালনা করেন প্যারামেডিক মোঃ আব্দুর রহিম, মোঃ আবু হানিফ ইকবাল ও বিদর্শী চাকমা এবং মানিকছড়ি এরিয়ায় সেশনসমূহ পরিচালনা করেন প্যারামেডিক সুইচিং মারমা ও প্যারামেডিক মোঃ দেলোয়ার হোসেন। উক্ত ১০ টি সেশনে উপস্থিত সকলের মধ্যে যারা এখনও পর্যন্ত কোভিড ১৯ এর ভ্যাক্সিন গ্রহণ করেন নি, তারা গ্রহণ করবেন বলে প্রতিশ্রুতি দেন।

## ৯.৮ কোভিড-১৯ ভ্যাক্সিনেশন কর্মসূচিতে আইডিএফ এর অংশগ্রহণ







গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত, স্কুলভিত্তিক মাসব্যাপী ০৫ থেকে ১১ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের করোনার টিকা কার্যক্রমে ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (আইডিএফ), স্বাস্থ্য বিভাগ, চট্টগ্রাম অংশগ্রহণ করে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন ০৪, ০৬, ০৮ ও ১৬ নং ওয়ার্ডে সরকার নির্ধারিত বিভিন্ন দিবসে বহদ্দারহাট ওয়াপদা কলোনী সরকারি প্রাথমিক বিদ্যালয়, খাজা রোড এন এম সি উচ্চ বিদ্যালয়, বাহির সিগন্যাল আল-আমিন বাড়িয়া মাদ্রাসা, শহীদ ডাঃ মকবুল আহম্মদ সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ সর্বমোট ৪৫ টি স্কুলের ছাত্র-ছাত্রীদের Covid-19 Pfizer Comirnaty Vaccine এর ১ম ডোজ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। সর্বমোট ১০টি সেশনে ১৩,০১০ জনকে কোভিড-১৯ ভ্যাক্সিন প্রদান করা হয়। উল্লেখ্য, কোভিড-১৯ ভ্যাক্সিনেশন ক্যাম্পেইনের শুরু থেকে আইডিএফ স্বাস্থ্য কার্যক্রম চসিক স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বিতভাবে সফলতার সাথে কাজ করে আসছে। উক্ত ক্যাম্পগুলিতে সফলভাবে দায়িত্ব পালন করেন আইডিএফ এর প্যারামেডিক সুমন চন্দ্র সরকার, তমাল ভারতী, ফজলে রাব্বী (বাপ্পি), উত্তম কুমার সরকার ও বিশ্ব চাকমা। উক্ত ক্যাম্পগুলোতে বিভিন্ন সময় পরিদর্শন করেন চসিকের যোনাল মেডিকেল অফিসার, মেডিকেল অফিসার ও সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর। তারা আইডিএফের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং আগামীতেও সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

## ৯.৯ নবনিযুক্ত প্যারামেডিকদের প্রশিক্ষণ



ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (আইডিএফ) স্বাস্থ্য বিভাগের আয়োজনে সংস্থার আঞ্চলিক কার্যালয়ের ট্রেনিং রুমে গত ২৭/০৯/২০২২ইং তারিখ হতে ২৮/০৯/২০২২ইং তারিখ পর্যন্ত মোট ২ দিনব্যাপী বিশেষ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালার ১ম দিন সংস্থার নবাগত প্যারামেডিকদের দক্ষতা বৃদ্ধি ও আন্তঃব্যক্তি যোগাযোগ নিয়ে বিশেষ প্রশিক্ষণ পরিচালনা করা হয় এবং ট্রেনিং এর ২য় দিন নবাগত প্যারামেডিকদের সাথে সংস্থার চট্টগ্রাম যোনের প্যারামেডিকদের নিয়ে সমন্বিত ভাবে "বিভিন্ন ধরণের প্রতিবন্ধীতা সনাক্তকরণ ও রেফারেল" সংক্রান্ত বিশেষ ট্রেনিং অনুষ্ঠিত হয়।উক্ত প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত হয়ে আগতদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা দেন আইডিএফ এর প্রতিষ্ঠাতা সদস্য জনাব প্রফেসর শহীদুল আমিন চৌধুরী। ১ম দিনের বিশেষ প্রশিক্ষণ (মাঠ পর্যায়ে গাইনী, শিশু সহ যাবতীয় প্রাপ্ত সমস্যা) পরিচালনা করেন যথাক্রমে ডাঃ মুক্তা খানম (কো-অর্ডিনেটর, স্বাস্থ্য), ডাঃ সাদিকুন নাহার ঝুমুর ও ডাঃ ফয়জুন নেছা হক। ২য় দিনের ট্রেনিং পরিচালনা করেন ডাঃ মুক্তা খানম (কো-অর্ডিনেটর, স্বাস্থ্য), ডাঃ শফিকুজ্জামান চৌধুরী এবং শারীরিক প্রতিবন্ধীতা নিয়ে বিশেষ সেশন পরিচালনা করেন Centre for Disable Concern (CDC) এর নির্বাহী পরিচালক জনাব লুৎফুন্নেছা রূপসা।



## ৯.১০ হিমোফিলিয়া রোগীদের ফিজিওথেরাপী সেবা

আইডিএফ একটি বেসরকারি উন্নয়নমূলক, সামাজিক ও মানবিক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠালগ্ন থেকেই আইডিএফ অগ্রাধিকার ভিত্তিতে কর্ম এলাকার সবার জন্য প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির চলমান কর্মকান্ডের সাথে শারিরীক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আইডিএফ স্বাস্থ্যসেবা কেন্দ্র-০১ এ পূনর্বাসনমূলক ফিজিওথেরাপী চিকিৎসাসেবা চালু করা হয়। আইডিএফ পরিচালিত এই ফিজিওথেরাপী চিকিৎসা কেন্দ্রের একটি বিশেষত্ব হল, এই সেবা কেন্দ্রে মানবদেহের রক্ত রোগ হিমোফিলিয়া রোগে আক্রান্ত ব্যক্তির বিশেষ ব্যবস্থায় চিকিৎসা করানো হয়ে থাকে। হিমোফিলিয়া রোগে আক্রান্ত ব্যক্তির রক্তে ফ্যাক্টর ৮ ও ৯ এর সমস্যার কারণে তাদের মাংসপেশী, বিভিন্ন বড় বড় জয়েন্ট, দাঁত ও পেটে রক্তপাত হয়, এতে পরে যে সব মাংসপেশী বা জয়েন্টে রক্তপাত হয় তা ধীরে ধীরে নষ্ট হয়ে শারিরীক প্রতিবন্ধীতায় রূপ নেয়। হিমোফিলিয়া রোগে একই পরিবারের একাধিক ব্যক্তি আক্রান্ত হয়ে থাকে। আইডিএফ পরিচালিত এই কর্মসূচির সাথে বাংলাদেশ হিমোফিলিয়া সোসাইটি (চট্টগ্রাম চ্যাপ্টার), চট্টগ্রাম মেডিকেল কলেজ (হেমাটোলজি বিভাগ) ও লায়ন্স চ্যারিটেবল সোসাইটি, চট্টগ্রাম একসাথে বাস্তবায়ন করে থাকে। আইডিএফ হিমোফিলিয়া চিকিৎসা কেন্দ্রে সূচনালগ্ন থেকে জুন ২০২২ পর্যন্ত ৫৮ জন রোগীর জন্য ৪৯২ টি সেশন এবং জুলাই/২২ হতে অক্টোবর/২২ পর্যন্ত ২৯জন রোগীর জন্য ৩৯৬টি সেশন পরিচালনার মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান করা হয়। সর্বমোট ৮৭ জন রোগীর জন্য ৮৮৮টি সেশন পরিচালনা করা হয়। উল্লেখ্য, রোগীদের প্রয়োজনীয়তা সাপেক্ষে বাংলাদেশ হিমোফিলিয়া সোসাইটির সিনিয়র কনসালটেন্ট জনাব ইয়াছমিন আরা ডলি টেলিহেলথ এর মাধ্যমে চিকিৎসাসেবা দিয়ে থাকেন।

## ৯.১১ স্তন ক্যান্সার সচেতনতা বিষয়ক সেমিনার



আইডিএফ স্বাস্থ্য কর্মসুচির আয়োজনে আইডিএফ কর্ণেলহাট শাখায় স্তন ক্যান্সার সচেতনতা বিষয়ক একটি সেমিনার বিগত ২৯/১০/২০২২ইং তারিখ অনুষ্ঠিত হয়। সেমিনারে আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির কো-অর্ডিনেটর ডা.মুক্তা খানম ও মেডিকেল অফিসার ডা. সাদিকুন নাহার ঝুমুর মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া প্যারামেডিক ডাক্তার উত্তম সরকার ও সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকসহ শাখার অন্যান্য সহকর্মীগণ উপস্থিত ছিলেন। সেমিনারে ৩০ জন নারী অংশগ্রহণ করেন। উক্ত সেমিনারে স্তন ক্যান্সার বিষয়ে সচেতন হবার উপায়সমূহ এবং স্তন ক্যান্সারের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।

এছাড়াও বাংলাদেশে স্তন ক্যান্সার আক্রান্ত রোগীদের চিকিৎসা ব্যবস্থা ও রোগের লক্ষণগুলো নিয়ে বিশেষভাবে আলোচনা করা হয়। মূলত বাংলাদেশে নারীদের মধ্যে সচেতনতার অভাবে প্রাথমিক পর্যায়ে অনেক ক্ষেত্রেই স্তন ক্যান্সার ধরা পড়ে না। স্তন ক্যানসার প্রাথমিক পর্যায়ে শনাক্ত করা গেলে, সঠিক চিকিৎসার মাধ্যমে মৃত্যুর শঙ্কা অনেকাংশে কমানো যায়। একজন নারী শুধুমাত্র তার সচেতনতা দিয়ে এই নীরব ব্যাধিকে জয় করতে পারেন। আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির আয়োজনে আয়োজিত এই ধরনের সেমিনার প্রান্তিক পর্যায়ের নারীদের সচেতন করতে অনেকাংশে সহযোগিতা করবে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন।

## ১০. কেস স্টাডি

### ১০.১ ফিজিওথেরাপী (হেলথ সেন্টার ১)

#### রফিকুল আলম, রাঙ্গুনিয়া

চট্টগ্রামের রাঙ্গুনিয়া থানার বেতাগী ইউনিয়নের ৭৬ বছর বয়স্ক রফিকুল আলম আইডিএফ হেলথ সেন্টার ১ এ তার হিমোফিলিয়া বি (IX) রোগের জন্য ফিজিওথেরাপী সেবা গ্রহণ করে উপকৃত হন এবং আইডিএফ এর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

**প্রথম রক্তক্ষরণ:**

৪২ বছর বয়সে ১ম রক্তক্ষরণ (নাকে, মুখে ও মলের সাথে) হয়, রক্তক্ষরণ হলে ক্লিনিকে ভর্তি হয়ে ২৪ ব্যাগ রক্ত দেওয়া হয়, পরবর্তীতে ১ বছর পর পুনরায় রক্তপাত হলে আবার রক্ত দেওয়া হয়।

**পারিবারিক ইতিহাস:**

পারিবারিকভাবে এই রোগে আক্রান্তের তথ্য নেই, রোগীই প্রথম এই রোগে আক্রান্ত হন, তারপর উনার ৩ জন নাতির এই রোগ সনাক্ত হয়।

**রোগ সনাক্তের ইতিহাস:**



Before After

২০২২ সালের সেপ্টেম্বর মাসে ঢাকা বারডেম হাসপাতালে এই রোগ সনাক্ত করা হয়। প্রথমে যখন রক্তক্ষরণ শুরু হয় কিছুক্ষণ পরে চট্টগ্রাম মেডিকেল কলেজে ভর্তি করানো হয়, ভর্তির পর ডাক্তার উনাকে কিছু পরীক্ষা করার নির্দেশনা দেন এবং মৌখিকভাবে জানান যে, হয়তো অপারেশন করার দরকার হতে পারে। রোগীর কয়েক ঘন্টা পর অস্থিরতা শুরু হলে রোগীর অবস্থা দেখে এবং রোগীর সাথে কথা বলে রোগীর লোকজন নিজ দায়িত্বে রোগীকে হাসপাতাল থেকে নিয়ে চলে যান এবং পরবর্তীতে ডাঃ জসিম উদ্দীনকে দেখানো হয়। ডাঃ উনার বেশ কিছু পরীক্ষা করাতে বলেন। পরীক্ষা করার পরও কোন রোগ নির্ণয় করা যায়নি, এরপর রোগীকে অন্য আরেক ডাঃ দেখানো হলে ডাঃ উনাকে ফ্যাক্টর টেষ্ট করতে বলেন, রোগী এবারও পূর্বের ন্যায় টেস্ট না করেই ঢাকা বারডেম হাসপাতালে চলে যায়, তখন সেখানকার হেমাটোলজী বিভাগের ডাক্তার রোগীর যাবতীয় তথ্য বিশ্লেষণ করে রোগীকে ফ্যাক্টরসহ বেশ কয়েকটি পরীক্ষা করান। পরীক্ষায় রোগীর হিমোফিলিয়া বি (IX) রোগ নির্ণয় হয় এবং সাথে সাথে রোগীকে ৮ ব্যাগ এফ এফ পি (FFP) পর পর দেওয়া হয়। এরপর রোগীর লোকজন বাংলাদেশ হিমোফিলিয়া সোসাইটি, চট্টগ্রাম চ্যাপ্টার এর সাথে যোগাযোগ করলে উনারা চিকিৎসা ও এই ধরনের রোগীর চিকিৎসা ক্ষেত্রে ফিজিওথেরাপীর গুরুত্ব সম্পর্কে বিশদভাবে আলোচনার পর সোসাইটিতে রেজিষ্ট্রেশন করেন। পরবর্তীতে রোগী অভিভাবকসহ আইডিএফ পরিচালিত ফিজিওথেরাপী সেন্টারে আসেন, এরপর রোগীর যাবতীয় এ্যাসেসমেন্ট শেষে উনার হিমোগ্লোবিন টেষ্ট ও হাতের এক্সরে করানো হয়। হিমোগ্লোবিন লেভেল ভালো থাকায় উনার ফিজিওথেরাপী চিকিৎসা শুরু করা হয়। চিকিৎসা শুরুর দিন সিনিয়র ফিজিওথেরাপী কনসালটেন্ট ইয়াছমিন আরা ডলি এর সাথে টেলি হেলথ এর মাধ্যমে আলোচনা করে সংস্থার ফিজিওথেরাপিষ্ট চিকিৎসা পদ্ধতি ঠিক করেন এবং রোগী ৪৬ দিনে ৭৩ সেশনের মাধ্যমে সুস্থ হয়।

রফিকুল আলম আইডিএফ এর প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন যে, সময়মত ফিজিওথেরাপী চিকিৎসা না পেলে তাকে অপারেশন করতে হত। ফিজিওথেরাপী সেন্টারে সেবা প্রদান করেন আইডিএফ এর ফিজিওথেরাপিষ্ট সুমন চন্দ্র সরকার।

### ১০.২ হৃদরোগ (হেলথ সেন্টার ১)

#### পেয়ারা বেগম, বহদ্দারহাট শাখা

পেয়ারা বেগম নামের ৬২ বছর বয়স্ক মহিলা (সে আইডিএফ বহদ্দারহাট শাখার এক সদস্যের মা) গত ১১/০৯/২০২২ইং তারিখে স্বাস্থ্য সেবা কেন্দ্র-০১ এ বুক ব্যথা, বমির ভাব, অস্থিরতা ও অতিরিক্ত ঘেমে যাওয়ার সমস্যা নিয়ে ডাক্তার দেখানোর জন্য আসেন। রোগীর শারীরিক অস্থিরতা দেখে স্বাস্থ্য সেবা কেন্দ্র-০১ এর কর্তব্যরত প্যারামেডিক উনার শারীরিক পরীক্ষা করে (রক্তচাপ ১৯০/১০০ mm of hg, পালস্ ১২০/মিনিট, অক্সিজেন ৯৬) কর্তব্যরত মেডিকেল অফিসারকে দ্রুত অবহিত করেন। পরবর্তীতে মেডিকেল অফিসার ডাঃ ফয়জুন নেছা হক রোগীর সাথে আলোচনা করে জানতে পারেন যে, ভোর বেলা থেকে রোগীর বুকে প্রচন্ড ব্যথা এবং এই বুকে ব্যথা ধীরে ধীরে ঘাড় ও বাম হাতের দিকে স্থানান্তর হয়। তিনি রোগীকে ইসিজি করার পরামর্শ দেন এবং ইসিজি তে Antero-lateral Ischemia বা হৃদরোগ নির্ণয় হয়, সাথে সাথে Anti-platelet Jla যা Tab. Clopid As (4 tab loading dose) এর ঔষধের (৪টি ট্যাবলেট) মাত্রা বাড়িয়ে দিয়ে রোগীকে খাওয়ানো হয় এবং রোগীকে দ্রুত চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পরবর্তী চিকিৎসার জন্য রেফার করা হয়। রোগী পরবর্তীতে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের হৃদরোগ ওয়ার্ডে (Cardiac unit) ভর্তি হয়ে ৭দিন ধরে চিকিৎসা নিয়ে সুস্থ হয়। পরবর্তী সময়ে রোগীর মেয়ে (আইডিএফ সদস্য) স্বাস্থ্য সেবা কেন্দ্র-০১ এ এসে ডাক্তার এবং সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

## ১০.৩ টেলিহেলথ

### ১০.৩.১ Gall Bladder Sludge

**রহিমা বেগম, পাহাড়তলী শাখা**



চট্টগ্রাম শহরের পাহাড়তলী শাখার ০২৮৯৬ নং ঋণী রহিমা বেগম। ৪০ বছর বয়স্ক রহিমা বেগম ৬২/ম (নিউ শহীদ লেইন) এর কেন্দ্র প্রধান। তিনি দীর্ঘ দিন ধরে পেটের ব্যাথায় ভুগছিলেন। তিনি আইডিএফ এর টেলি মেডিসিন সেবা গ্রহণ করে উপকৃত হন। টেলিসেবা প্রদান করেন ডাঃ সাদিকুননাহার ঝুমুর। ডাক্তারের নির্দেশনা মোতাবেক পরীক্ষা নিরীক্ষার পর ডায়াগনোসিস হয় Gall Bladder Sludge. চিকিৎসার ২মাস পর পুনরায় আল্ট্রাসনোগ্রাম করা হলে রিপোর্ট স্বাভাবিক আসে। রোগী বর্তমানে সুস্থ আছেন। টেলিসেবা পরিচালনা করেন প্যারামেডিক উত্তম কুমার সরকার।




### ১০.৩.২ Psoriasis

**মোছাঃ শোভা বেগম, আড়ানী শাখা**

আইডিএফ আড়ানী শাখার সদস্য মোছাঃ শোভা বেগম দীর্ঘদিন ধরে পায়ের ক্ষত নিয়ে ভুগছিলেন, তিনি প্রাথমিক ভাবে তার নিকটস্থ বাজারের গ্রাম্য ডাক্তারের শরণাপন্ন হন। কিন্তু গ্রাম্য ডাক্তারের কাছে চিকিৎসা নিলেও তার সমস্যা সমাধান হয় না। পরবর্তীতে সে আইডি-এফ আড়ানী শাখার প্যারামেডিক ডাক্তার এর সাথে যোগাযোগ করে। এর পরে তার সমস্যা নিয়ে সংস্থার মেডিকেল অফিসার ডাঃ সাদিকুন নাহার ঝুমুর এর সাথে যোগাযোগ করা হলে রোগীর ডায়াগনোসিস হয় Psoriasis. এরপর সমস্যা অনুযায়ী চিকিৎসা সেবা প্রদান করা হয়। আইডিএফ এর সেবা নিয়ে শোভা বেগম বর্তমানে সম্পূর্ণ সুস্থ। ৩৫ বছর বয়সী মোছাঃ শোভা বেগম আইডিএফ আড়ানী শাখার পির গাছা ১২৭/ম কেন্দ্রের সদস্য।

### ১০.৩.৩ চর্মরোগ

**মোছাঃ সেলিনা আক্তার, আড়ানী শাখা**




আইডিএফ আড়ানী শাখার পিরগাছা ১২৭/ম কেন্দ্রের সদস্য মোছাঃ ছেলিনা আক্তার অনেক দিন ধরেই চর্ম রোগে ভুগছিলেন। তার বয়স ৩২ বছর। রোগীর পুরো শরীরে ছোটো ছোটো ফুসফুড়ি এবং সাথে চুলকানির সমস্যা ছিলো। এই সমস্যা নিয়ে তিনি আইডিএফ আড়ানী শাখার প্যারামেডিক বিলাস রঞ্জন এর সাথে যোগাযোগ করেন। পরবর্তীতে তাকে সংস্থার মেডিকেল অফিসার ডাঃ সাদিকুন নাহার ঝুমুর এর মাধ্যমে টেলিমেডিসিন সেবা প্রদান করা হয়। বর্তমানে সেলিনা আক্তার সুস্থ আছেন। ডায়াগনোসিস: Brachioradial Pruritus.




### ১০.৩.৪ চর্মরোগ

**পৃথা সাহা, বাঘা শাখা**

আইডিএফ বাঘা শাখার পারসাতা ২৯/ম কেন্দ্রের সদস্য প্রিয়াঙ্কা রানী ও পলাশ সাহার ৩ বছর বয়সী মেয়ে পৃথা সাহার বেশ কিছু দিন ধরেই শরীরে ও পায়ে ছোট ফুসকুড়ি দেখা দেয়,তারা ব্যাপারটাকে প্রথমে গুরুত্ব না দেওয়ার কারণে কয়েক দিনের মধ্যেই সমস্যাটি তীব্র আকার ধারণ করে। ফুসকুড়ির পাশাপাশি চুলকানি বেড়ে যায়। তখন তারা আইডিএফ বাঘা শাখার প্যারামেডিক ডাক্তার বিলাস রঞ্জনের সাথে যোগাযোগ করেন। পরবর্তীতে সংস্থার মেডিকেল অফিসার ডাঃ সাদিকুন নাহার ঝুমুর এর মাধ্যমে তাকে টেলিমেডিসিন সেবা প্রদান করা হয়। বর্তমানে পৃথা সাহা সম্পূর্ণ সুস্থ। ডায়াগনোসিস: Impetigo contagiosa.




### ১০.৩.৫ চর্মরোগ

**বিপুল কুমার সরকার, নজিপুর শাখা**

আইডিএফ নজিপুর শাখার ০৬ম কেন্দ্রের সদস্যা বাসন্তী রাণীর স্বামী, বিপুল কুমার সরকার। তার বয়স ৩৭ বছর। তার পায়ের তালুতে ও পাতায় মাত্রাতিরিক্ত চুলকানির সমস্যা ছিল। ছোট ছোট ফোঁড়া বের হয়ে পুঁজ হয়, তারপর ব্যথা হয়ে বড় ক্ষত সৃষ্টি হয়। তাকে টেলি মেডিসিন সেবা প্রদান করেন ডাঃ সাদিকুন নাহার ঝুমুর। ১ মাস পর ফলোআপ করার পর জানা যায়, বর্তমানে তিনি সুস্থ। টেলিসেবা পরিচালনা করেন প্যারামেডিক জুয়েল রানা। ডায়াগনোসিস: Dyshidrotic Eczema.

## ১১. একনজরে আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির কিছু কার্যক্রম

| বিবরণ | জুলাই - অক্টোবর, ২০২২ | | অক্টোবর, ২০২২ পর্যন্ত | |
|---|---|---|---|---|
| | সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা (জন) | সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা (জন) |
| স্ট্যাটিক ক্লিনিক | ৩৭৬ টি | ১৮৫০ জন | ৬০২২ টি | ৫১৫১৭ জন |
| স্যাটেলাইট ক্লিনিক | ৪৮৩৭ টি | ২৬৯৯২ জন | ৯১৯৩৪ টি | ৮৪৬২৬৫ জন |
| কাউন্সেলিং সেশন | ৩৫৮৮ টি | ৪১৪১৩ জন | ৬৬০৬২ টি | ৭৩৮৫৩২ জন |
| বিনামূল্যে ঔষধ বিতরণ | ১২৫৪ জন | ২,৩৯,২৫৩ টাকা | ৫০৯২১ জন | ১,২৫,২৮,৮৯৪ টাকা |
| টেলিমেডিসিন | ৯৪ দিন | ৩২১৭ জন | ২৪৭৩ দিন | ৩৭৬২২ জন |
| ব্লাড গ্রুপিং ক্যাম্প | ৪১ টি | ২৮১৬ জন | ১৫৪ টি | ৬৯২৬ জন |
| গাইনী + মেডিসিন ক্যাম্প | ২২ টি | ১৮৬৯ জন | ১০৯ টি | ৩১০৩৩ জন |
| চক্ষু ক্যাম্প | ১ টি | ২০৭ জন | ২৫ টি | ১২৫৬১ জন |
| মিনি স্বাস্থ্য ক্যাম্প | ৩ টি | ৪৭ জন | ১১ টি | ১০১৭ জন |
| ফিজিওথেরাপী সেবা (হিমোফিলিয়া রোগে আক্রান্তদের জন্য) | ২৯জন রোগী | ৩৯৬ সেশন | ৮৭ জন রোগী | ৮৮৮ সেশন |

### জুলাই/২২ - অক্টোবর/২২ সময়কালে আইডিএফ স্বাস্থ্য কর্মসূচির সম্পাদিত কার্যক্রমের সারসংক্ষেপ

| ক্রমিক নং | মাস | জেনারেল হেলথ পেশেন্ট | বৈকালিক চেক আপ | টেলিমেডিসিন | ফলোআপ |
|---|---|---|---|---|---|
| ১. | জুলাই | ৩৩৪২ | ১১৩২ | ৫২০ | ১১১৪ |
| ২. | আগস্ট | ৩৯৭৯ | ১৮১৯ | ৭৫২ | ১০৬০ |
| ৩. | সেপ্টেম্বর | ৫২০০ | ১৮৪৭ | ৭২২ | ১১১৩ |
| ৪. | অক্টোবর | ৭৩৯৬ | ২২৭৭ | ১২২৩ | ১০৫০ |

### আইডিএফ হেলথ ক্যাম্প এর তথ্য (জুলাই ২২ইং- অক্টোবর ২২ইং)

| ক্র: নং: | বিবরণ | সংখ্যা (ক্যাম্প) | মোট রোগী |
|---|---|---|---|
| ১. | ব্লাড গ্রুপিং ক্যাম্প | ৪১ টি | ২৮১৬ জন |
| ২. | জেনারেল হেলথ ক্যাম্প | ২০ টি | ২০৬৮ জন |
| ৩. | চক্ষু চিকিৎসা ক্যাম্প | ০১ টি | ২০৭ জন |
| ৪. | টেলিমেডিসিন সেবা (ক্যাম্প) | ০২ টি | ৩৭ জন |


**ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন**

বাড়ি : ২০, এভিনিউ : ০২, ব্লক : ডি, মিরপুর-২, ঢাকা-১২১৬ ।

ফোন : + ৮৮০২-৫৫০৭৫৩৮০ ।ওয়েভ : www.idf.org